

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা।

২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ২.১ সূচক মোতাবেক অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম এনডিসি
তারিখ : ২৭/০৫/২০১৯ খ্রি.।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : বিআরডিবি'র সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক'-তে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর প্রতিটি সূচক অনুসারে আলোচনা করেন। তিনি সরকারী কাজে স্বচ্ছতা আনয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন যে, সরকারী কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারণা পরিবর্তন করে জনসেবামুখী করার জন্য জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

সভাপতি জানান যে, সমৃদ্ধশালী সোনার বাংলাদেশ গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। দেশীয় ও আন্তর্জাতিক উত্তম চর্চার অনুসরণ করা দরকার। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সকল কর্মকর্তাকে জনকল্যাণে স্বচ্ছতা ও দক্ষতার সাথে কাজ করার জন্য অনুরোধ জানান।

সভাপতি বিভিন্ন সভা, প্রশিক্ষণ, সেবাবক্স, তথ্য বাতায়ন হালনাগাদকরণ, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ই-টেন্ডার, জিআরএস, পরিদর্শন, নথি শ্রেণী বিন্যাসকরণ, ই-গর্ভনেস, পুরস্কার প্রদান টার্গেট অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ বাস্তবায়নের বিষয়ে জানতে চাইলে উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা) জানান যে, বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ প্রণয়নপূর্বক ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে এবং বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে।

বার্ষিক শুদ্ধাচার কর্মপরিকল্পনায় বিভিন্ন কার্য সম্পাদনের সময়সীমা নির্ধারিত আছে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের দায়িত্ব বন্টনের বিষয়টিও সেখানে উল্লেখ রয়েছে বিধায় নির্ধারিত সময় সীমার মধ্যে সংশ্লিষ্ট সকলকে তার নিজ নিজ দায়িত্ব পালন করা জরুরী। অন্যথায়, শুদ্ধাচার কর্মপরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাহত হবে। এতে এ সংস্থার সামগ্রিক পারফরমেন্স অর্জন ব্যাহত হতে পারে। এ জন্য সংশ্লিষ্ট সকলকে শুদ্ধাচার কর্মপরিকল্পনায় উল্লেখিত সময় সীমার মধ্যে তার কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ জানান।


বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় :-

- ১) শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে লক্ষ্যমাত্রায় উল্লিখিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- ২) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে;

৫

- ৩) লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
- ৪) ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে;
- ৫) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এস এম এস-এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে;
- ৬) সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে;
- ৭) সকল শাখা প্রধান তাদের স্ব স্ব শাখার শুদ্ধাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন;
- ৮) সর্বশেষ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অন্যায়ী অর্জন নিশ্চিত করতে হবে;

০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



 মোঃ হাসানুল ইসলাম এনডিসি
 পরিচালক (প্রশাসন)

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.২২.৩৯৮.১৯. ৫৩৮৩

তারিখঃ ২৭/০৫/২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপপরিচালক, (সকল জেলা).....জেলা, বিআরডিবি।
- ২। উপপরিচালক,.....বিআরডিবি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৪। জনাব/বেগম.....
- ৫। সংশ্লিষ্ট নথি।


 ০২.০৭.১৭
 আক্বাছ আলী
 উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয় শাখা)
 ফোনঃ ৮১৮০০১৮